



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ পুলিশ  
পুলিশ কমিশনারের কার্যালয়  
রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর



তাৎ-০৯/১২/২০২০খ্রি:

প্রেস রিলিজ

রংপুর মেট্রোপলিটন পুলিশের বিভিন্ন থানা পুলিশ কর্তৃক ০২ কেজি ৪০ গ্রাম শুকনো গাঁজা এবং ১৩ পিস ইয়াবা উদ্ধারসহ  
মোট ০৩ জন আসামী গ্রেফতার



ঘটনা-১



ঘটনা-২



ঘটনা-৩

ঘটনা-১ং গত ০৮/১২/২০ খ্রি: রংপুর মেট্রোপলিটন অপরাধ বিভাগের উপ-পুলিশ কমিশনার (অপরাধ) জনাব মোঃ আবু মারফত হোসেন মহোদয়ের নির্দেশনায়, অতিঃ উপ-পুলিশ কমিশনার জনাব মোঃ শহীদুল্লাহ কাওছার এর কর্ম-পরিকল্পনায়, অফিসার ইনচার্জ, তাজহাট থানা জনাব মোঃ আখতারুজ্জামান প্রধান এর নেতৃত্বে পুলিশ পরিদর্শক (তদন্ত) জনাব রবিউল ইসলাম, এসআই শেখ মোঃ মোস্তফা কামাল, এসআই মোঃ ওবায়দুল হক, এসআই মোঃ আইয়ুব আলী, এএসআই মুনমুন, এএসআই মোঃ এখলাছ উদ্দিন সঙ্গীয় ফোর্স সহ গোপন সংবাদের ভিত্তিতে তাজহাট থানাধীন ইউসেপ স্কুলের সামনে পাঁকা রাস্তার উপর নেশা জাতীয় মাদকদ্রব্য গাঁজা বিক্রয় করাকালে আসামী ১। মোঃ সোহেল রানা (২৮), পিতা- মোঃ আঃ ছামাদ, মাতা-মোঃ শেফালী বেগম, সাং - বোয়ালীয়া (হাজীপাড়া), থানা - গোবিন্দগঞ্জ, জেলা- গাইবান্ধাকে ০২ (দুই) কেজি শুকনো গাঁজাসহ হাতেনাতে গ্রেফতার করা হয়। পরবর্তীতে গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে তাজহাট থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ তে মামলা দায়ের করা হয়।

ঘটনা-২ং গত ০৮/১২/২০ খ্রি: রংপুর মেট্রোপলিটন কোতয়ালী থানা পুলিশ কর্তৃক উক্ত থানাধীন হনুমানতলা নামক মোড়ে পুলিশ লাইস স্কুল হইতে জলকর গামী পাকা রাস্তার উপর থেকে ১৩ পিচ ইয়াবা ট্যাবলেট উদ্ধারসহ আসামী মোঃ লেবু মিয়া (৩১), পিতা- মোঃ এক্ষেন্দ্রার আলী, সাং- মেডিকেল পূর্বগেট, ধাপ চিকলীলেন (ডক্টরস ক্লিনিকের পিছন পার্শ্বে)-কে গ্রেফতার করা হয় এবং গ্রেফতারকৃত আসামীসহ পলাতক আসামী মোঃ জনি (২৭), পিতা- মৃত দুলাল, সাং- হনুমানতলা ইসলামপুর, উত্তরথানা- কোতয়ালী, আরপিএমপি, রংপুর এর বিরুদ্ধে কোতয়ালী থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ এর ৩৬(১) সারনীর ১০(ক)/৪১ ধারায় মামলা দায়ের করা হয়।

ঘটনা-৩ং গত ০৮/১২/২০ খ্রি: রংপুর মেট্রোপলিটন মাহিগঞ্জ থানা পুলিশ কর্তৃক উক্ত থানাধীন ৩০ নং ওয়ার্ডের নাছনিয়া মৌজাত্ত চায়না মোড় নামক স্থানে জনেক মোঃ মোজার হোসেন মঙ্গল এর মালিকানাধীন খাবার হোটেলের সামনে চায়না মোড় হইতে হারাগাছগামী পাকা রাস্তার উপর থেকে ৪০ গ্রাম শুকনো গাঁজা উদ্ধারসহ আসামী মোঃ শান্ত মিয়া (২১), পিতা- মৃতঃ শাহ আলম স্থায়ী :গ্রাম- বীরভদ্র বালাটারী, থানা- মাহিগঞ্জ, মহানগর, রংপুর-কে গ্রেফতার করা হয়। পরবর্তীতে এ সংক্রান্তে মাহিগঞ্জ থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ এর ৩৬(১) সারনীর ১৯(ক) ধারায় মামলা দায়ের করা হয়।

০৯.১২.২০২০

(মোঃ সামিউল আলম)

পুলিশ পরিদর্শক (ডিবি)

পক্ষে/পুলিশ কমিশনার

রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর

মোবাইল-০১৩২০-০৭৩৬৬১